

তারিখ... 18 JAN 1951
পৃষ্ঠা... ৪

জবিতে ছাত্রলীগ নেতার হাতে ডিন লাঞ্চিত

অযমনি রিপোর্ট

অবিভক্তভাবে ছাত্র জড়িত না করায় উপগ্রন্থ বিশ্ববিদ্যালয়ে সামাজিক বিজ্ঞান অনুষদের ডিনকে লাঞ্চিত করেছে বিশ্ববিদ্যালয়ের ছাত্রলীগ সভাপতি। এ ঘটনায় উত্তীর্ণ নিন্দা ও ফোড প্রকাশ করেছেন বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থী ও বিভিন্ন সামাজিক-সাংস্কৃতিক সংগঠন।

প্রত্যক্ষদর্শী সূত্রে জানা গেছে, রোববার দুপুর ১২টায় বিশ্ববিদ্যালয় ছাত্রলীগের সভাপতি কামরুল হাসান রিপন মেধা ভাষিকনয় পেছনের দিকে থাকা এক শিক্ষার্থীকে জড়িত করতে সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. রেজাউল করিমকে তার অফিসে গিয়ে চাপ দেন। অনুষদের ডিন তাতে রাজি না হলে ওই ছাত্রলীগ নেতা তাকে অকথা জবায় গালাগালি করেন। এ ঘটনার উত্তীর্ণ নিন্দা ও ফোড প্রকাশ করেছেন বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থী এবং বিভিন্ন সামাজিক ও সাংস্কৃতিক সংগঠন। ওই ছাত্রের জড়িত ব্যাপারে ফরাসীদীন দলের স্থানীয় এক এমপির সুপারিশ জিফ

বলে সূত্র জানায়।

এ ব্যাপারে ছাত্রলীগ সভাপতি কামরুল হাসান রিপন বলেন, ডিনের কাছে একটি সুপারিশ নিয়ে গেলে তিনি আমার সঙ্গে কোনো কথা কব্বেন না বলে জানান। এক পর্যায়ে তার (ডিন) সঙ্গে যাকবিততা হয়। তবে লাঞ্চিতের কোনো ঘটনা ঘটেনি।

প্রফেসর ড. রেজাউল করিম এ ব্যাপারে বলেন, কিছু একটা ঘটেছে। তবে বিষয়টি না কব্বাই ভালো। এক প্রশ্নের জবাবে তিনি বলেন, একটি সুপারিশ এসেছিল। কিন্তু আমি তাতে রাজি হইনি। আমি কখনই এমন অবৈধ কাজ কব্বতে না। প্রয়োজনে পদত্যাগ কব্বতে রাজি আছি।

এ ব্যাপারে উপাচার্য অধ্যাপক ড. মেসবাহউদ্দীনের সঙ্গে ফোগাযোগ করার চেষ্টা করা হলে তাকে টেলিফোনে পাওয়ার যায়নি। বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. শওকত জাহাঙ্গীর বলেন, বিষয়টি অনাকব্বিতত ও দুঃখজনক। এর চেয়ে বেশি কিছু কব্বার নেই বলে মতবা করেন তিনি।